

১. সংবেদন ও প্রত্যক্ষের মধ্যে পার্থক্যগুলি লেখ।

সংবেদন ও প্রত্যক্ষ দুটি ভিন্ন মানসিক প্রক্রিয়া নয়, একই মানসিক প্রক্রিয়ার দুটি ভিন্ন পর্যায়। বাহ্যবস্তু সম্পর্কে অস্পষ্ট চেতনা হল সংবেদন, আর সুস্পষ্ট চেতনা হল প্রত্যক্ষ। অর্থাৎ বলা যায়, সংবেদন হল প্রত্যক্ষের পূর্ববর্তী প্রাথমিক মানসিক অবস্থা, আর প্রত্যক্ষ হল সংবেদনের পরবর্তী পরিণত মানসিক অবস্থা।

(i) সংবেদন সরল মানসিক অবস্থা, প্রত্যক্ষ জটিল মানসিক অবস্থা। সংবেদন অব্যাখ্যাত চেতনা। প্রত্যক্ষ সংবেদনের অর্থকরণ। সংবেদন ব্যাখ্যাত হলে তা প্রত্যক্ষে পর্যবসিত হয়। প্রত্যক্ষে সদৃশীকরণ, পৃথকীকরণ প্রভৃতি ক্রিয়া নিষ্পন্ন হয় বলে তা এক জটিল প্রক্রিয়া।

(ii) সংবেদন 'জ্ঞান' পদবাচ্য নয়, প্রত্যক্ষ হল জ্ঞান। সংবেদনে বিষয়বস্তুর আকৃতি, প্রকৃতি ইত্যাদি সম্বন্ধে কোন বোধ বা ধারণা জন্মায় না বলে তা বস্তুজ্ঞান নয়। প্রত্যক্ষে বিষয়বস্তুর আকৃতি, প্রকৃতি ইত্যাদি সম্বন্ধে সুস্পষ্ট বোধ জন্মায় বলে তা বস্তুজ্ঞান।

(iii) সংবেদন বস্তুচেতনা নয়, বস্তুর গুণ সম্বন্ধীয় চেতনা; কিন্তু প্রত্যক্ষ সগুণ বস্তু-চেতনা। নিছক বর্ণের চেতনা বা শব্দের চেতনা হল সংবেদন; কিন্তু রক্তিম ফুলের চেতনা, মেঘ-গর্জনের চেতনা হল প্রত্যক্ষ।

(iv) সংবেদন বিমূর্ত চেতনা, প্রত্যক্ষ মূর্ত চেতনা। নিছক গুণ বস্তুত অস্তিত্বশীল নয়, গুণ সর্বদা বস্তুকে আশ্রয় করে থাকে। তাই নিছক গুণের চেতনা অর্থাৎ সংবেদন হল অমূর্ত অভিজ্ঞতা। কিন্তু লাল ফুল একটি মূর্ত বস্তু অর্থাৎ অস্তিত্বশীল বস্তু। তাই লাল ফুলের চেতনা অর্থাৎ প্রত্যক্ষ হল মূর্ত অভিজ্ঞতা।

(v) সংবেদন বস্তুর আংশিক চেতনা, কিন্তু প্রত্যক্ষের বিষয় এক সমগ্র একক বস্তু। সংবেদনের বিষয় কোন সমগ্র বস্তু নয়, বস্তুটির এক বা একাধিক অংশ (গুণ) সংবেদনের বিষয়। কিন্তু প্রত্যক্ষের ক্ষেত্রে বস্তুর বিভিন্ন অংশগুলি (গুণগুলি) বিচ্ছিন্নভাবে জ্ঞাত হয় না। লাল ফুলের প্রত্যক্ষে ফুল ও তার লাল বর্ণ ও অন্যান্য গুণাবলী বিচ্ছিন্নভাবে জ্ঞাত হয় না, একটি সমগ্র বস্তুররূপে জ্ঞাত হয়।

(vi) সংবেদন উপস্থাপনমূলক প্রক্রিয়া, কিন্তু প্রত্যক্ষ উপস্থাপন-পুনরুপস্থাপনমূলক প্রক্রিয়া। সংবেদনের বিষয়টি আমাদের সামনে কেবল উপস্থিত বা বর্তমান থাকে, অতীত অভিজ্ঞতার মাধ্যমে তার কোন ব্যাখ্যা হয় না। প্রত্যক্ষের ক্ষেত্রে উপস্থিত বিষয়বস্তুটিকে সঞ্চিত অভিজ্ঞতার পুনরুপস্থাপনের দ্বারা ব্যাখ্যা করা হয়।

(vii) সংবেদন অপেক্ষাকৃত নিষ্ক্রিয় প্রক্রিয়া, প্রত্যক্ষ স্পেক্ষাকৃত সক্রিয় প্রক্রিয়া।